

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bkbb.gov.bd](http://www.bkbb.gov.bd)

**বিষয়:** চট্টগ্রামের আত্মবাদে অবস্থিত বোর্ডের নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) তলা বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়ন সংক্রান্ত সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : সত্যব্রত সাহা, মহাপরিচালক (সরকারের সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।  
সভার তারিখ : ১৬/০৯/২০২০ খ্রি.  
সময় : বেলা ০২.৩০ ঘটিকা।  
সভার স্থান : বোর্ডের সম্মেলন কক্ষ।  
সভার সদস্যদের উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং পরিচালক (প্রশাসন)-কে আলোচ্য বিষয় সমূহ উপস্থাপনের জন্য আহ্বান করেন। সে পরিপ্রেক্ষিতে পরিচালক (প্রশাসন), চট্টগ্রামের প্রাণকেন্দ্র আত্মবাদে অবস্থিত বোর্ডের নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) তলা বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের প্রয়োজনীয়তা সভায় উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন ভবনটি নির্মিত হলে বোর্ডের আয় বৃদ্ধি পাবে এবং কর্মচারী ও তাঁদের পরিবারবর্গের আর্থিক সুবিধাদি বৃদ্ধি পাবে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চট্টগ্রাম কার্যালয়ের পরিচালক সভায় উল্লেখ করেন, চট্টগ্রামের আত্মবাদে প্রস্তাবিত ২০ (বিশ) তলা বহুতল ভবনটি-তে বাণিজ্যিকভাবে শপিং মল কাম কমার্শিয়াল স্পেসের ব্যবস্থা রেখে নকশা প্রণয়ন করা যেতে পারে। যেমন প্রথম তলা থেকে ষষ্ঠ তলা পর্যন্ত শপিং মল, এরপর ফুড কোর্ট, সিনেপ্লেক্সসহ কমার্শিয়াল স্পেসের ব্যবস্থা রাখা যেতে পারে। তিনি আরো বলেন ভবনটির সুবিধাজনক একটি ফ্লোর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অফিসের জন্য সংরক্ষিত রাখা সহ ভবনটি কেন্দ্রীয় ভাবে শীতাতপ নিয়ন্ত্রণ এর ব্যবস্থা রাখা যেতে পারে। তিনি উল্লেখ করেন বাণিজ্যিকভাবে ভবনটি নির্মাণে প্রাথমিকভাবে বোর্ডের অর্থ ব্যয় হলেও শপিং মল ও কমার্শিয়াল স্পেসের প্রাপ্ত সালামি থেকে ব্যয়িত অর্থ উঠে আসবে। অন্যদিকে, পরিচালক (প্রশাসন) যে কোন একটি ফ্লোরে কমিউনিটি সেন্টার কাম-মাল্টিপারপাস হল নির্মাণ বিষয়ে গুরুত্বারোপ করেন।

স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, প্রস্তাবিত ভবনের নির্ধারিত স্থানটি সরেজমিনে পরিদর্শন ও সম্ভাব্যতা বিবেচনা করে নকশাটি প্রণয়ন করতে হবে। এছাড়া তিনি জমিটির ডিজিটাল সার্ভের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে উল্লেখ করেন। এ বিষয়ে পরিচালক (উন্নয়ন) বলেন যে, ৩০ ও ৩১ তম বোর্ড সভায় বিষয়টি উপস্থাপিত হলেও তেমন কোন অগ্রগতি দৃশ্যমান নয়। এ বিষয়ে তিনি সময়বদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি বলেন, যেহেতু ভবনটির কার্যক্রম বেশী তাই এর সম্ভাব্যতা যাচাই করা প্রয়োজন। এছাড়া ২য় ও ৩য় তলার মধ্যে সিনেপ্লেক্স রাখা যেতে পারে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব উল্লেখ করেন, ভবনটিতে কি কি সুবিধা থাকবে সে বিষয়ে আরো পরীক্ষা-নিরীক্ষা ও বিশেষজ্ঞদের মতামত প্রয়োজন। তিনি আরো উল্লেখ করেন যে, একটি বহুতল ভবনকে যুগোপযোগী করতে হলে গাড়ি পार्কিং এর ব্যবস্থা থাকা প্রয়োজন। অনেক বহুতল ভবন শুধুমাত্র গাড়ি পार्কিং এর ভালো ব্যবস্থা না থাকায় ব্যবসায়িকভাবে অলাভজনক হয়ে থাকে। সে পরিপ্রেক্ষিতে ১ম, ২য় ও ৩য় তলায় গাড়ি পार्কিং এর সুবিধা রাখা যেতে পারে। বিভিন্ন বিষয়ে সভার অন্যান্য সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

- ০১। Feasibility Study করে অবিলম্বে প্রতিবেদন দাখিল করবেন; **কার্যক্রম-** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ০২। আত্মবাদস্থ বহুতল ভবন নির্মাণের স্থানটি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থাপত্য এবং গণপূর্ত বিভাগের প্রতিনিধি দল জরুরি ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন করবেন; **কার্যক্রম-** সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। সত্তর ডিজিটাল সার্ভের Soft Copy স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে; **কার্যক্রম-** পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সত্যব্রত সাহা  
মহাপরিচালক (সরকারের সচিব)  
ফোন: ০২-৪৯৩৪৯৩২৩  
ই-মেইল [dg@bkbb.gov.bd](mailto:dg@bkbb.gov.bd)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)

স্মারক নং-০৫.৮১.০০০০.০০২.১৬.০০৯.০১ (খন্ড-১) - ২৪৭ (২৬)

তারিখ: ২৮/০৯/২০২০ খ্রি.

**অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ০১। যুগ্ম সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সাকেল-১, পূর্ত ভবন, ঢাকা।
- ০৫। তত্ত্বাবধায়ক স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
- ০৬। উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। মহাপরিচালক (সরকারের সচিব) মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, আছাবাদ, চট্টগ্রাম।
- ১০। সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা।
- ১১। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। সহকারী পরিচালক (কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৩। গবেষণা কর্মকর্তা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৪। হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৫। অফিস কপি।

  
(মোহাম্মদ কেফায়েত উল্লাহ)  
পরিচালক (প্রশাসন)  
ফোন-৮৩৯২১২০